# AKASHVANI(AIR)

## RNU:KOLKATA

## BengaliText Bulletin

**Date 19-01-2026 Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে চলতি এস আই আর প্রক্রিয়ায় তথ্যগত অসঙ্গতি বা লজিক্যাল ডিসক্রিপেনসির কারণে নির্বাচন কমিশন যাদের নোটিশ পাঠিয়েছে, তাদের নাম প্রকাশের নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।

এই প্রক্রিয়ায় মাধ্যমিকের অ্যাডমিট কার্ড ও সার্টিফিকেটকেও গ্রহণযোগ্য নথি বলে সুপ্রিম কোর্ট জানিয়েছে।

শুনানির সময় সার্বিক নিরাপত্তা ব্যবস্থা সুনিশ্চিত করতে রাজ্য সরকারকে উপযুক্ত পদক্ষেপ নিতে বলেছে সর্বোচ্চ আদালত।

২) রাজ্যে চলতি এস আই আর-এর অঙ্গ হিসেবে ৭ নম্বর ফর্ম জমা দেওয়ার সময় আরও ৭ দিন বাড়ানোর জন্য বিজেপি নির্বাচন কমিশনের কাছে দাবি জানানোর পাশাপাশি বিএলও এবং এইআরওদের নিরাপত্তা সুনিশ্চিত করার দাবি জানিয়েছে।

৩) SIR প্রক্রিয়ায় নাম বাদ দেওয়ার ৭ নম্বর ফর্ম জমা দেওয়া নিয়ে আজও রাজ্যের বিভিন্ন জেলায় উত্তেজনা ছড়িয়েছে।

৪) রাজ্যপাল ডঃ সি ভি আনন্দ বোস জানিয়েছেন, গণমাধ্যমের উপর যে কোন আক্রমণ হলো গণতন্ত্রের ওপর আঘাত।

৫) ৬৯ তম জাতীয় স্কুল জিমনাস্টিকস প্রতিযোগিতায় বাংলা অসাধারণ সাফল্য অর্জন করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে চলতি এস আই আর প্রক্রিয়ায় তথ্যগত অসঙ্গতি বা লজিক্যাল ডিসক্রিপেনসির কারণে নির্বাচন কমিশন যাদের নোটিশ পাঠিয়েছে, তাদের নাম প্রকাশের নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। রাজ্যে সমস্ত পঞ্চায়েত ও ব্লক অফিসে ওই তালিকা প্রকাশ করতে হবে। খুলতে হবে একটি কাউন্টারও। সেখানেই সাধারণ মানুষ তাদের নথি বা এসংক্রান্ত আপত্তি – অভিযোগ জমা দিতে পারবেন। প্রধানবিচারপতি সূর্যকান্ত, বিচারপতি দীপঙ্কর দত্ত, ও জয়মাল্য বাগচি-র বেঞ্চ পশ্চিমবঙ্গে এস আই আর সম্পর্কিত এক শুনানির নির্দেশে কমিশনকে বলেছে, তথ্যগত অসংগতি থাকলে তার শুনানি স্বচ্ছতার সঙ্গে করতে হবে। অভিভাবকদের নামে অসঙ্গতি, বাবা ও মায়ের সঙ্গে সন্তানের বয়সের পার্থক্য অত্যন্ত কম থাকা সহ নানা কারণে পশ্চিমবঙ্গে প্রায় ১ কোটি ২৫ লক্ষ মানুষকে এস আই আর-এ শুনানির নোটিশ দেওয়া হয়েছে। সুপ্রিম কোর্ট জানিয়েছে, শুনানির সময় কোন ব্যক্তি তার প্রয়োজনীয় নথি স্বীকৃত প্রতিনিধির মাধ্যমে জমা দিতে পারে। বুথ লেভেল এজেন্ট বিএলএ-দেরও স্বীকৃত প্রতিনিধি হিসেবে নিয়োগ করা যাবে। কোনভাবেই যাতে সাধারণ মানুষ হয়রানির মধ্যে না পড়েন, তা নিশ্চিত করারও নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত। নিরাপত্তা ব্যবস্থা সুনিশ্চিত করতে রাজ্য সরকারকে উপযুক্ত পদক্ষেপ নিতে বলেছে সর্বোচ্চ আদালত।

দুরত্বের কারণে যারা শুনানি কেন্দ্রে পৌঁছতে পারছেন না, তাদের সুবিধার জন্য পঞ্চায়েত ভবন ও ব্লক অফিসগুলিতে নথি জমা দেওয়ার কথা বলেছে, সুপ্রিম কোর্ট। শুনানির কাজে নিযুক্ত আধিকারিকরা জমা দেওয়া কাগজে কোনরকম অসঙ্গতি দেখলে পুনরায়, প্রয়োজনীয় নথি সহ হাজিরার সুযোগ দেবে।

oooooooooooooooooooooo

SIR এ নাম নথিভুক্তির জন্য মাধ্যমিক পরীক্ষার অ্যাডমিট কার্ড ও সার্টিফিকেট দুটোকেই গ্রহণ করতে হবে বলে আজ সুপ্রিম কোর্ট মৌখিক নির্দেশ

দিয়েছে। প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি দীপঙ্কর দত্ত ও বিচারপতি জয়মাল্য বাগচির বেঞ্চ বলেছেন, মাধ্যমিকের অ্যাডমিট কার্ডে নাম ও বয়সের স্পষ্ট উল্লেখ থাকে, ফলে তা গ্রহণ করতে অসুবিধা হওয়ার কথা নয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশনের বেঁধে দেওয়া সময়ের মধ্যেই রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়া শেষ করা যাবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর আশাবাদী। শুনানি পর্বে বিভিন্ন জায়গায় বিক্ষিপ্ত অশান্তির ঘটনা ঘটলেও এখনও পর্যন্ত এসআইআর-এর কাজে কোনও ব্যাঘাত সৃষ্টি হয়নি বলেই তাদের দাবি।

দেশের নির্বাচন কমিশনে আজ পাঠানো চলতি সপ্তাহের রিপোর্টে এসআইআর-এর শুনানি ঘিরে ঘটে যাওয়া সমস্ত গন্ডগোলের বিস্তারিত বিবরণ উল্লেখ করা হয়েছে । সেই রিপোর্ট খতিয়ে দেখার পরই রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালকে একদিনের ঝটিকা সফরে দিল্লিতে ডেকে পাঠানো হয়। আজ দীর্ঘ বৈঠকের পর আগামী দিনে কীভাবে রাজ্যে সুষ্ঠু, অবাধ ও শান্তিপূর্ণভাবে এসআইআর-এর কাজ সম্পন্ন করা যাবে, তা নিয়ে নির্দিষ্ট সিদ্ধান্ত হয়েছে বলে কমিশন সূত্রে খবর। বৈঠকে শুধু এসআইআর নয়, আসন্ন ২০২৬ সালের বিধানসভা নির্বাচনের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা, বুথের পরিকাঠামো এবং পরিচালন পদ্ধতি নিয়েও বিস্তারিত আলোচনা হয়েছে।

উল্লেখ্য, এস আই আর প্রক্রিয়ার পরবর্তী ধাপে আগামীকাল থেকেই রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে শুরু হচ্ছে বিশেষ পর্যবেক্ষণ। সদ্য নিয়োগ হওয়া চার জন স্পেশাল রোল অবজার্ভারের নেতৃত্বে চলবে এই নজরদারি পর্ব। তাঁদের সঙ্গে থাকবেন ৪০ জন মাইক্রো অবজার্ভার। কমিশন সূত্রের খবর, এই পর্যবেক্ষণ পর্ব সরাসরি তদারকি করবেন মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল স্বয়ং।

oooooooooooooooooooooo

রাজ্যে চলতি এস আই আর-এর অঙ্গ হিসেবে ৭ নম্বর ফর্ম জমা দেওয়ার সময় আরও ৭ দিন বাড়ানোর জন্য বিজেপি নির্বাচন কমিশনের কাছে দাবি জানিয়েছে। আজ বিজেপি-র তিন সদস্যের এক প্রতিনিধি দল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককের সঙ্গে দেখা করে এই দাবি জানান। তারা বলেছেন, ৭ নম্বর ফর্ম জমা দেওয়ার ক্ষেত্রে সংখ্যার কোন বিধিনিষেধ না থাকলেও ERO, AERO এবং DEO-দের কাছে তা জমা করতে গিয়ে তাদের দলের প্রতিনিধিরা হেনস্থার মুখোমুখি হচ্ছে। ৭ নম্বর ফর্ম জমা দেওয়ার ক্ষেত্রে যাতে কোন অসুবিধা না হয়, তা দেখার জন্য তারা আবেদন জানিয়েছেন। প্রতিনিধি দলে ছিলেন প্রতাপ ব্যানার্জী, তাপস রায় এবং সঞ্জয় সিং ।

oooooooooooooooooooo

বিজেপি, এসআইআর প্রক্রিয়ায় নিযুক্ত বিএলও এবং এইআরওদের নিরাপত্তা সুনিশ্চিত করার দাবি জানিয়েছে। দিল্লিতে আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানান,যেভাবে আজ রাজ্যের বিভিন্ন জায়গায় বিডিও অফিস ঘিরে রাখা এবং এইআরওদের ফর্ম সেভেন না নিতে বাধ্য করা হয়েছে, সেক্ষেত্রে নির্বাচন কমিশনকে তাদের সুরক্ষা ব্যবস্থা সুনিশ্চিত করতে হবে।

(বাইট – শমিক)

শ্রী ভট্টাচার্য জানান, ১২ টি রাজ্যে এসআইআর প্রক্রিয়া চলছে। পশ্চিমবঙ্গে যেভাবে এই সাংবিধানিক প্রক্রিয়াকে ব্যাহত করা হচ্ছে, তা নিন্দনীয়। রাজ্য পুলিশ ব্যর্থ হলে কেন্দ্রীয় বাহিনী দিয়ে নিরাপত্তার ব্যবস্থা করার পক্ষেও সওয়াল করেন তিনি।

শ্রী ভট্টাচার্য বলেন, বিজেপি নো এসআইআর নো ভোট অবস্থানে অনড় রয়েছে ।

oooooooooooooooooooooo

বিজেপি এসআইআর প্রক্রিয়ায় অনলাইনে ফর্ম সেভেন জমা দেওয়ার ব্যবস্থা চালু করার ব্যবস্থা চালু করার দাবি জানিয়েছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার জানান, ফর্ম সেভেন জমা করা নিয়ে বিভিন্ন এলাকায় আতঙ্কের পরিবেশ তৈরি করা হয়েছে। রাজ্যে এমন এক পরিস্থিতি তৈরি করা হয়েছে যেখানে সংবিধান ভুলুণ্ঠিত। তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জি ও অভিষেক ব্যানার্জির প্ররোচনায় শাসক দলের নেতা, বিধায়করা প্রতিনিয়ত সাধারণ মানুষ এবং বিরোধীদের ওপর আক্রমণ চালিয়ে যাচ্ছে বলেও তাঁর অভিযোগ।

(বাইট – দেবজিৎ)

oooooooooooooooooooooo

SIR প্রক্রিয়ায় নাম বাদ দেওয়ার ৭ নম্বর ফর্ম জমা দেওয়া নিয়ে আজও রাজ্যের বিভিন্ন জেলায় উত্তেজনা ছড়িয়েছে। মুর্শিদাবাদের লালবাগে তৃণমূল কংগ্রেসের প্রাক্তন বিধায়ক ও প্রাক্তন জেলা সভানেত্রী শাওনি সিং রায়ের নেতৃত্বে আজ মহকুমা শাসকের দফতরে ব্যাপক ভাঙচুর করা হয়। পুলিশের উপস্থিতিতেই মহকুমা শাসকের গাড়িতে অগ্নি সংযোগেরও অভিযোগ উঠেছে। বিজেপি বিধায়ক গৌরিশঙ্কর ঘোষ ও দলের নেতা সৌমেন মন্ডলকে আটকে রাখারও অভিযোগ ওঠে তৃণমূল কংগ্রেস কর্মীদের বিরুদ্ধে।

অন্যদিকে, পশ্চিম বর্ধমানের আসানসোল মহকুমা শাসকের দফতরে আজ বিজেপি কর্মীরা ৭ নম্বর ফর্ম জমা দিতে গেলে শাসক তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে বাধা দেওয়া হয়। বিজেপি কর্মীদের মারধোর করে ফাইল ছিনিয়ে নেওয়ারও অভিযোগ ওঠে। ধস্তাধস্তির মধ্যে পড়ে আসানসোল দক্ষিণের বিধায়ক বিজেপি নেত্রী অগ্নিমিত্রা পাল পুলিশ ফাঁড়ির সামনে বিক্ষোভ শুরু করেন। তাঁর অভিযোগ বহু ফর্ম

পুড়িয়ে দেওয়া হয়েছে। দলের কার্যকর্তা এবং সংবাদমাধ্যমের কর্মীদেরও মারধোর করা হয়েছে বলে অগ্নিমিত্রা জানান।

দুর্গাপুরেও তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে বিজেপি কর্মীদের লাঠিপেটা করার অভিযোগ উঠেছে। পরে বিজেপি বিধায়ক লক্ষ্মণ ঘোড়ুই-এর নেতৃত্বে জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখানো হয়। পুলিশ অবরোধ তুলতে গেলে, পরিস্থিতি রণক্ষেত্রের রূপ নেয়। নামানো হয় কমব্যাট ফোর্স। বেশ কয়েকজন নেতাকর্মীকে আটক করে সেখান থেকে সরিয়ে নিয়ে যাওয়া হয়।

পূর্ব বর্ধমানের কালনাতেও একই বিষয়ে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। শাসক ও বিরোধী বিজেপি কর্মীদের মধ্যে ধস্তাধস্তি শুরু হলে পুলিশ বিজেপি কর্মীদের হঠিয়ে দিতে শুরু করে। এই ঘটনায় পুলিশ দলদাসের কাজ করছে বলে বিজেপি-র অভিযোগ।

উত্তর ২৪ পরগনার বসিরহাটে বিজেপি-র সাংগঠনিক জেলার সভাপতি সুকল্যাণ বৈদ্যের নেতৃত্বে দলীয় নেতা-কর্মীরা মহকুমা শাসকের দফতরের সামনে আজ ধর্ণায় বসেন। তাদের অভিযোগ, অবৈধ ভোটারদের নাম তালিকায় রাখার জন্যই বিডিও অফিসে ৭ নম্বর ফর্ম জমা নেওয়া হচ্ছে না।

উত্তর দিনাজপুরের কালিয়াগঞ্জ বিডিও অফিস চত্বেও আজ ৭ নম্বর ফর্ম জমা দেওয়াকে কেন্দ্র করে তৃণমূল কংগ্রেস ও বিজেপি কর্মীদের মধ্যে ঝামেলা বাধে।

oooooooooooooooooooooo

রাজ্যপাল ডঃ সি ভি আনন্দ বোস জানিয়েছেন, গণমাধ্যমের উপর যে কোন আক্রমণ হলো গণতন্ত্রের ওপর আঘাত। সম্প্রতি মুর্শিদাবাদের বেলডাঙায় ঘটে যাওয়া ঘটনার প্রেক্ষিতে রাজ্যপাল আমাদের প্রতিনিধি কাশফিন নাহারের এক প্রশ্নের উত্তরে বলেন, সংবাদ মাধ্যম হল গণতন্ত্রের অভিভাবক।

(বাইট- রাজ্যপাল)

উল্লেখ্য, আজ ভিক্টোরিয়া মেমোরিয়াল হলে রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোসের লেখা walk the talk with Myth and Science বই এর প্রকাশ অনুষ্ঠানে তিনি ছাড়াও প্রফেসর ডক্টর চিন্ময় গুহ, বিজ্ঞানী ড পারুল চক্রবর্তী এবং বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক ডক্টর মৌ দাস গুপ্ত এক আলোচনা সভায় অংশ নেন।

উল্লেখ্য, মুর্শিদাবাদের পরিযায়ী শ্রমিকের অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে বেলডাঙ্গায় অশান্তির ঘটনায় কলকাতা হাইকোর্টে দুটি জনস্বার্থ মামলা দায়ের হয়েছে।

ooooooooooooooooooooooooo

দ্বাদশ শিশু চলচ্চিত্র উৎসব এমাসের ২৩ তারিখে শুরু হতে চলেছে। শিশু কিশোর একাডেমী ও রাজ্য তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজিত এই উৎসবের ৩২ টি দেশের ১৮০টি চলচ্চিত্র এবার প্রদর্শিত হবে। নন্দন ১,২,৩, রবীন্দ্রসদন, শিশির মঞ্চে চলবে এই উৎসব। উদ্বোধনী ছবি সত্যজিৎ রায় পরিচালিত সোনার কেল্লা। শতবার্ষিকী সম্মাননা জানানো হবে সলীল চৌধুরী, সন্তোষ দত্ত ও তৃপ্তি মিত্র কে। চলচ্চিত্র বিষয়ক কর্মশালায় মোবাইলে ছোটদের তৈরি ৩২-টি ছবি এবারের উৎসবের অন্যতম আকর্ষণ। ২৯ তারিখ উৎসবের শেষ চলচ্চিত্র হিসেবে দেখানো হবে সৌকর্য ঘোষালের পক্ষীরাজের ডিম।

কলকাতায় এক সাংবাদিক বৈঠকে শিশু কিশোর একাডেমীর সভাপতি অর্পিতা ঘোষ বলেন, ফেলুদার ৬০ বছর উপলক্ষে ১২টি ছবি আলাদা বিভাগে রাখা হয়েছে।

(বাইট - অর্পিতা ঘোষ)

বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী ইন্দ্রনীল সেন।

oooooooooooooooooooooo

কলকাতার বাতাসে দূষণ নিয়ে স্বতঃপ্রণোদিত মামলা দায়ের করলো কলকাতা হাইকোর্ট। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চে আজ দূষণ সংক্রান্ত দুটি মামলা ওঠে। বিচারপতি জানান, এই নিয়ে হাইকোর্টের তরফে কেন্দ্র ও রাজ্যকে চিঠি দেওয়া হয়েছে। কেন্দ্রের তরফে অতিরিক্ত সলিসিটার জেনারেল চিঠি পাওয়ার কথা স্বীকার করেন। আদালত জানিয়েছে আগামী ২৮-শে জানুয়ারি মামলার পরবর্তী শুনানির দিন সব পক্ষকে হাজির হতে হবে।

oooooooooooooooooooooo

রাজ্যে শীতের আমেজ বজায় থাকলেও বেড়েছে দিনের তাপমাত্রা । আগামী ৭ দিন রৌদ্র ঝলমলে আবহাওয়া থাকলেও, ধীরে ধীরে তাপমাত্রা কিছুটা বাড়বে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৩.৪ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ১ দশমিক ১ ডিগ্রি কম । সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ২৫ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস যা সাভাবিক। আজ দক্ষিণবঙ্গের সবথেকে কম তাপমাত্রা রেকর্ড করা হয় কল্যাণীতে নয় দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস। কলকাতায় উত্তরবঙ্গের সবথেকে কম তাপমাত্রা রেকর্ড করা হয় বাগডোগরায় ১০ ডিগ্রি সেলসিয়াস। দার্জিলিং আজ সকালে তাপমাত্রা ছিল তিন ডিগ্রি সেলসিয়াস। আগামী দু তিন দিন সকালের দিকে বিক্ষিপ্ত ভাবে কুয়াশা থাকার সম্ভাবনা রয়েছে।

oooooooooooooooooooooooooo

৬৯ তম জাতীয় স্কুল জিমনাস্টিকস প্রতিযোগিতায় বাংলা অসাধারণ সাফল্য অর্জন করেছে। ২৭ টি সোনা সহ মোট ৪৫ টি পদক জিতেছে বাংলা।

অনূর্ধ্ব ১৯ মহিলা বিভাগের রিদমিক জিমন্যাস্টিকসে ক্লাবস ও রিবন ইভেন্টে জোড়া সোনা জিতেছে বাঁকুড়ার দেবস্মিতা হালদার।

অনূর্ধ্ব ১৭ ও ১৯ বছর পুরুষ এবং মহিলা বিভাগের আর্টিস্টিক জিমন্যাস্টিকসে দলগত এবং ব্যক্তিগত প্রতিযোগিতায় স্বর্ণপদক লাভ করেছে বাংলা। ব্যালেন্স বিম ইভেন্টে জিনিয়া দেবনাথ প্রথম স্থান অধিকার করেছে। আর্টিস্টিক জিমন্যাস্টিকসের এপারেটাস চ্যাম্পিয়নশিপে অনূর্ধ্ব ১৭ পুরুষ বিভাগে ফ্লোর এক্সারসাইজ, রিংস-এ বাংলার প্রেমাংশু বেরা প্রথম হয়েছে। অনূর্ধ্ব ১৯ পুরুষ বিভাগে ফ্লোর এক্সারসাইজে গৌরব চক্রবর্তী এবং অনূর্ধ্ব ১৯ পুরুষ বিভাগে, সোহম মজুমদার পমেল হর্স ইভেন্টে প্রথম স্থান অধিকার করেছেন। সুমন দত্ত অনূর্ধ্ব ১৯ পুরুষ বিভাগে রিংসে সোনা জিতেছে।

oooooooooooooooooooo

ooooooooooooooooooooo